

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩৯.২০১৭-৪৪

তারিখঃ ০১.০২.২০১৮খ্রিঃ

বিষয়ঃ ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ-দর্শানো নোটিস

যেহেতু, ডাঃ শামরিন সুলতানা (কোড নং-১৩০২৩৯), সহকারী সার্জন, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা সংযুক্তঃ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, তানোর, রাজশাহী গত ২০.০৯.২০১৪ খ্রিঃ হতে ০৪.১২.২০১৬ খ্রিঃ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) ও ৩ (সি) বিধি মোতাবেক “অসদাচরণ (Misconduct)” ও “বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি (Desertion)” এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের ০৫.০৭.২০১৭ খ্রিঃ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.৩৯.২০১৭-২৯০ নং স্মারকমূলে ১ম কারণ-দর্শানোর নোটিস জারি করা হয়;


যেহেতু, আপনি প্রজাতন্ত্রের একজন কর্মকর্তা হিসেবে ২০.০৯.২০১৪ খ্রিঃ হতে ১৫.০৫.২০১৭ খ্রিঃ পর্যন্ত পর্যন্ত মোট ০২ বছর ০৭ মাস ২৫ দিন কর্মস্থলে অনুমোদিত অনুপস্থিত ছিলেন এবং পরবর্তীতে ০৮.০৪.২০১৭ খ্রিঃ হতে ০৭.১০.২০১৭ খ্রিঃ পর্যন্ত মাতৃ জন্মিত ছুটির কারণে আরও ৬ মাস অনুমোদিত অনুপস্থিতসহ সর্বমোট ৩ বছর ১ মাস ২৫ দিন কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলের বাহিরে অবস্থান করে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (সি) উপ-বিধি অনুযায়ী কর্মস্থল ত্যাগের অপরাধ করেছেন।

যেহেতু, তদন্ত প্রতিবেদন, বিভাগীয় মামলার সংশ্লিষ্ট নথি, অন্যান্য কাগজপত্র পর্যালোচনায় আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) ও ৩ (সি) অনুযায়ী যথাক্রমে “অসদাচরণ (Misconduct)” ও “বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি (Desertion)”-এর অভিযোগ প্রমাণিত হওয়ায় আপনাকে একই বিধিমালার ৪(৩)(সি) বিধি অনুযায়ী “চাকুরি হতে অপসারণ (Removal from Service)” গুরুদস্ত আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

এক্ষণে, সেহেতু, কেন আপনাকে উক্ত বিধিমালার ৪(৩)(সি) মোতাবেক সরকারি “চাকুরি হতে অপসারণ (Removal from Service)” করা হবে না, তার কারণ এ বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক নোটিস প্রাপ্তির ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে জানাতে নির্দেশ প্রদান করা হল।

তদন্ত প্রতিবেদনের অনুলিপি আপনার অবগতির জন্য এ সাথে প্রেরণ করা হল।

সংযুক্তিঃ ০৪(৪৪)পাতা।


০১.০২.২০১৮
(রোকসানা কাদের)
অতিরিক্ত সচিব
(সচিবের দায়িত্বে)


ডাঃ শামরিন সুলতানা (কোড নং-১৩০২৩৯),
সহকারী সার্জন, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা
সংযুক্তঃ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, তানোর, রাজশাহী
(স্থায়ী ঠিকানাঃ-২৭৫/২, জহরা কটেজ, উপশহর, রাজশাহী)

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩৯.২০১৭- ৪৪/৩(৫)

তারিখঃ ০১.০২.২০১৮খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিসটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হলো)
- ৩। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৪। সিভিল সার্জন, রাজশাহী (নোটিসটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ঠিকানায় লটকিয়ে জারিপূর্বক জারির প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)


(আব্দুল ওহাব খান)
উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শুংখলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১০৪.২০১৭- ৪৫

তারিখ- ০১.০২.২০১৮ খ্রিঃ

বিষয়ঃ ডাঃ মোসাম্মদ শাহনাজ পারভীন (১০০৪৩৬৮), জুনিয়র কনসালটেন্ট (গাইনী), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, উজিরপুর, বরিশাল (বর্তমানে শেরে বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশাল) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা


অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ মোসাম্মদ শাহনাজ পারভীন (১০০৪৩৬৮), জুনিয়র কনসালটেন্ট (গাইনী), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, উজিরপুর, বরিশাল (বর্তমানে শেরে বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশাল) গত ডিসেম্বর/২০১৫ হতে জানুয়ারী/২০১৭ পর্যন্ত বিভিন্ন সময়ে ২৬৫(দুইশত ষাট) দিন কর্মস্থলে বিনানুমতিতে অনুপস্থিত থেকে বেতন-ভাতাদি গ্রহণ করেছেন;

যেহেতু, আপনার উল্লিখিত অনুপস্থিতি সরকারি কর্মচারী আচরণ বিধিমালার পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'ডিজারশন' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) ধারা মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'ডিজারশন'র দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত দণ্ড প্রদান করা হবে না-এ নোটিস প্রাপ্তির ১০ (দশ) কর্মদিবসের মধ্যে এ বিষয়ে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ-দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।




(রোকসানা কাদের)
অতিরিক্ত সচিব
(সচিবের দায়িত্বে)

ডাঃ মোসাম্মদ শাহনাজ পারভীন (১০০৪৩৬৮)
জুনিয়র কনসালটেন্ট (গাইনী), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, উজিরপুর, বরিশাল
(বর্তমানে শেরে বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশাল)

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১০৪.২০১৭- ৪৫/১(৫)
অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

তারিখ- ০১.০২.২০১৮ খ্রিঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিসটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য)।
- ৩। বিভাগীয় পরিচালক, স্বাস্থ্য বিভাগ, বরিশাল।
- ৪। সিভিল সার্জন, বরিশাল।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।



(আব্দুল ওহাব খান)
উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc1@mohfw.gov.bd

অভিযোগ বিবরণী

আপনি ডাঃ মোসাম্মদ শাহনাজ পারভীন (১০০৪৩৬৮), জুনিয়র কনসালটেন্ট (গাইনী), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, উজিরপুর, বরিশাল (বর্তমানে শেরে বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশাল) গত ডিসেম্বর/২০১৫ হতে জানুয়ারী/২০১৭ পর্যন্ত বিভিন্ন সময়ে ২৬৫(দুইশত ষাট) দিন কর্মস্থলে বিনানুমতিতে অনুপস্থিত থেকে বেতন-ভাতাদি গ্রহণ করেছেন এবং আপনি কর্তৃপক্ষকে অবহিত করেননি। আপনার উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) ধারা মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'ডিজারশন' হিসেবে গণ্য। আপনি উপর্যুক্ত আচরণ দ্বারা সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) ধারা মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'ডিজারশন'র দায়ে অভিযুক্ত হয়েছেন।


০১.০২.১৮
(রোকসানা কাদের)
অতিরিক্ত সচিব
(সচিবের দায়িত্বে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শুংখলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১০৭.২০১৭- ৪৬

তারিখ- ০১.০২. ২০১৮ খ্রিঃ

বিষয়ঃ ডাঃ মোঃ জাহাঙ্গীর হোসেন (৪২২৫৩), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (ভারপ্রাপ্ত), কাশিয়ানী, গোপালগঞ্জের
এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা


অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ মোঃ জাহাঙ্গীর হোসেন (৪২২৫৩), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (ভারপ্রাপ্ত), কাশিয়ানী, গোপালগঞ্জ বিভিন্ন দুর্নীতি ও অনিয়ম সংঘটিত হওয়ার সাথে সম্পৃক্ত ছিলেন;

যেহেতু, আপনার উল্লিখিত কর্মকর্তা সরকারি কর্মচারী আচরণ বিধিমালার পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতি' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) ধারা মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতি'র দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত দণ্ড প্রদান করা হবে না-এ নোটিস প্রাপ্তির ১০ (দশ) কর্মদিবসের মধ্যে এ বিষয়ে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ-দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।


০১.০২.১৮
(রোকসানা কাদের)
অতিরিক্ত সচিব
(সচিবের দায়িত্বে)


ডাঃ মোঃ জাহাঙ্গীর হোসেন (৪২২৫৩)
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
কাশিয়ানী, গোপালগঞ্জ।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১০৭.২০১৭- ৪৬

তারিখ- ০১.০২. ২০১৮ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিসটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
- ২। যুগ্মসচিব (পার-২ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য)।
- ৪। সিভিল সার্জন, গোপালগঞ্জ।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।


(আব্দুল ওহাব খান)
উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc1@mohfw.gov.bd